# এ্যাসোসিয়েশন অব ল্যান্ড এন্ড ল্যান্ড রিফর্মস অফিসার্স, ওয়েষ্ট বেঙ্গল

রেজি. নং ঃ এস/৫৯৩০৬/৮৮-৮৯

কেন্দ্রীয় দপ্তর ঃ ১১৩/এ, আচার্য্য জগদীশ চন্দ্র বোস রোড, কলকাতা - ৭০০ ০১৪

## দাবী প্রস্তাব

এ্যাসোসিয়েশন অব ল্যান্ড এড ল্যান্ড রিফর্মস অফিসার্স, ওয়েস্ট বেঙ্গল-এর ................................ জেলা কমিটির বর্ধিতায়তন এই সভা গভীর উদ্বেগ ও হতাশার সঙ্গে লক্ষ্য করছে যে, রাজ্য সরকারী কর্মচারীদের অন্যান্য অংশের মানুষজনের সঙ্গে ভূমি-সংস্কার প্রশাসনের মধ্যবর্তী স্তরে কর্মরত আর.ও, এস.আর.ও-২ এবং এস.আর.ও-১ ক্যাডারভুক্ত আধিকারিকবৃন্দের বৃত্তিগত ন্যায্য দাবী-দাওয়া সমূহ নিরসনে কর্তৃপক্ষের তরফ থেকে সদিচ্ছাপ্রসূত উদ্যোগের কোন লক্ষণ চোখে পড়ছে না। সামগ্রিকভাবে পশ্চিমবঙ্গের রাজ্য সরকারী কর্মচারী সমাজ বেতন কমিশনের সুপারিশ প্রকাশ ও তার রূপায়ণে অস্বাভাবিক দীর্ঘসূত্রিতার কারণে দীর্ঘদিন ধরে চূড়ান্ত ক্ষতিগ্রস্থ হয়ে চলেছে যা' সর্বস্তরে ব্যাপক ক্ষোভ ও হতাশার সৃষ্টি করেছে। একইসঙ্গে মূল্যসূচকের সঙ্গে সঙ্গতিপূর্ণভাবে মহার্ঘভাতা প্রাপ্তির দিক থেকে অনেক পিছিয়ে থাকার কারণে এই রাজ্যের সরকারী কর্মচারীবৃন্দ বিপুল আর্থিক ক্ষতির সম্মুখীন, কার্যতঃ প্রকৃত আয়ের নিরিখে আমাদের বেতনপ্রাপ্তির পরিমাণ ক্রমশঃ সঙ্কুচিত হচ্ছে।

একইসঙ্গে আমাদের তিনটি ক্যাডারের দীর্ঘদিনলালিত এল.আর. 'সার্ভিস' গঠনের দাবী (আর.ও, এস.আর. ও-২ এবং এস.আর. ও-১ ক্যাডারদের সমন্বয়ে) প্রশাসনিক কর্তৃপক্ষের কাছে উপেক্ষিতই থেকে গেছে। 'টাস্ক ফোর্স' গঠন বা অন্যান্য প্রক্রিয়ার মাধ্যমে বিষয়টি বিচার বিবেচনার ইঙ্গিত দেওয়া হলেও, এ ব্যাপারে সঠিক মাত্রায় গুরুত্ব প্রদানে বরাবরই অনীহার প্রকাশ ঘটতেই আমরা দেখেছি। অথচ ভূমি সংস্কার প্রশাসনকে আরো কার্যক্ষম করে তোলার প্রশ্নে, বিভাগীয় আধিকারিকদের 'বিশেষজ্ঞতা'কে বিভাগের অভ্যন্তরে যথাযথ ব্যবহারের স্বার্থে প্রকারান্তরে এই দপ্তরের মাধ্যমে জনপরিষেবার কাজকে আরো গতিশীল এবং বাস্তবোচিত করার প্রক্রিয়াটিকে ত্বরান্বিত করার সূত্রেও এই দাবীটির সত্বর নিরসন হওয়া প্রয়োজন।

এরই পাশাপাশি বকেয়া কাজের পরিমাণের তুলনায় আধিকারিক ও সংশ্লিষ্ট কর্মচারীদের অপ্রতুলতা, অসংখ্য শূন্যপদ পূরণ না হওয়া এবং পরিকাঠামোগত বিভিন্ন ঘাটতির কারণে কাজের চাপ ক্রমশঃই বাড়ছে অথচ প্রত্যাশিত পরিষেবা দেবার প্রশ্নে জনগণের চাহিদা মেটানোর ক্ষেত্রে ইপ্সিত ফললাভ সম্ভব হচ্ছে না। বিষয়টি আরো জটিল আকার ধারণ করছে উচ্চতর প্রশাসনিক কর্তৃপক্ষের অদূরদর্শী ও অপরিকল্পিত নানান নির্দেশাবলী প্রেরণের মাধ্যমে। ব্যবহারিক অভিজ্ঞতা সমৃদ্ধ না হওয়ার কারণে এবং তৃণমূলস্তরে আমাদের অংশের যে তিনটি ক্যাডার কর্মরত তাঁদের সঙ্গে উপযুক্ত মতবিনিময়ের পরিসর ক্রমসংকুচিত হওয়ার কল্যাণে এই ধরণের বিপত্তি ইদানীং আরো বেশি বেশি করে ঘটতে দেখা যাচ্ছে। উচ্চতর কর্তৃপক্ষের 'ফতোয়া' জারি করে কর্তব্য সাঙ্গ করার মনোভঙ্গি আখেরে সুষ্ঠু কাজের পরিবেশ সৃষ্টিতে বাধার সৃষ্টি করছে। কাজের পরিমাণগত মানের সঙ্গে গুণগত মানের সার্থক সমন্বয় ঘটানোর ক্ষেত্রেও বিভিন্ন অন্তরায় পরিলক্ষিত হচ্ছে।

এরই পাশাপাশি রাজ্যের অভ্যন্তরে বিভিন্ন জায়গায়, ভূমি সংস্কার দপ্তরগুলিতে কায়েমী স্বার্থপুষ্টদের 'দাদাগিরি', অবাঞ্ছিত হস্তক্ষেপ, অনৈতিক ও বে-আইনী কাজের জন্য চাপসৃষ্টির প্রবণতা ক্রমবর্ধমান। বীরভূম, জলপাইগুড়িসহ বিভিন্ন জেলায় বেশ কয়েকটি ঘটনায় বি এল এন্ড এল আর ও অফিসগুলিতে হামলার ঘটনা ঘটেছে, সরকারী রয়্যালটি আদায়, বে আইনী বালি / পাথর উত্তোলনের জন্য জরিমানা আদায় করতে দিয়ে আধিকারিক ও কর্মচারীরা আক্রান্ত হয়েছেন অথচ নিদারুণ পরিতাপের বিষয় দুষ্কৃতিদের গ্রেপ্তার বা দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের ক্ষেত্রে প্রশাসন কার্যতঃ ব্যর্থ! সৎ, নিষ্ঠাবান সরকারী কর্মীদের কর্তব্যপালনে উদ্বুদ্ধ করার পরিবর্তে ইত্যাকার দৃষ্টান্তসমূহ তাঁদের নিরুৎসাহিতই শুধু করছে না, আইনানুগ প্রশাসনিক কাজকর্ম পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন অন্তরায় সৃষ্টি করে কার্যতঃ কাজের সুষ্টু পরিবেশকেই বিঘ্নিত করছে।

উপরোক্ত পরিস্থিতির প্রেক্ষাপটে আজকের এই সভা থেকে ক্যাডারস্বার্থবাহী তথা জনপরিষেবা প্রদানের প্রশ্নে অতীব গুরুত্বপূর্ণ নিম্নলিখিত দাবীসমূহ সদ্বিবেচনাপূর্বক দ্রুত নিষ্পত্তির জন্য জোরালো দাবী জানানো হচ্ছে —

১)	ষষ্ঠ পে-কমিশনের রিপোর্ট দ্রুত প্রকাশসাপেক্ষে অবিলম্বে কার্যকর করার জন্য (w.e.f. ১.১.১৬) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

২)	অবিলম্বে মহার্ঘভাতার সমস্ত বকেয়া কিস্তি প্রদানের ব্যবস্থা করতে হবে।

৩)	অবিলম্বে সমিতি প্রদত্ত স্মারকলিপি অনুযায়ী Cadre Strucrture-এ প্রার্থিত পুনর্বিন্যাস ঘটিয়ে SRO-II ও SRO-I ক্যাডারদ্বয়ের সংযুক্তিকরণ ঘটিয়ে ১৬নং বেতনক্রম প্রদান করে SRO ক্যাডার সৃষ্টি করতে হবে এবং ১৭, ১৮ এবং ১৯নং বেতনক্রমের নির্দিষ্ট পদসমূহে জ্যেষ্ঠতার ভিত্তিতে ক্রমান্বয়িক প্রোমোশন প্রদানের ব্যবস্থা করতে হবে।

৪)	WBSLRS, Gr-I কে WBCS 'C' Group এর সর্বোচ্চ বেতনক্রম অর্থাৎ বর্তমানে ১৫নং স্কেল প্রদান করতে হবে।

৫)	উচ্চতর পদবৃদ্ধি সাপেক্ষে RO, SRO-II ও SRO-I ক্যাডারদের বর্তমান অবস্থানের সঙ্গে ভারসাম্য রেখে SRO ক্যাডার সৃষ্টির মাধ্যমে বিভাগীয় সার্ভিস সৃষ্টি করতে হবে।

৬)	বর্তমানে WBSLRS, Gr-I পদে দীর্ঘদিন অব্যবহৃত কমপক্ষে ২০০টি পদ ভূমি সংস্কার প্রশাসনের স্বার্থে প্রস্তাবিত SRO পদে উন্নীত করতে হবে।

৭)	ক) ভূমি সংস্কার দপ্তরের প্রতিটি বিভাগে কাজে গতিশীলতা আনতে আধিকারিক ও কর্মচারীসহ প্রতিটি স্তরে শূন্যপদ পূরণ করতে হবে।

খ) অবিলম্বে SRO-I, SRO-II এবং RO Cadre-দের ক্ষেত্রে শূন্যপদ পূরণ করতে হবে।

৮)	ক) SRO-I, SRO-II শূন্যপদে অবিলম্বে প্রোমোশন প্রদানের ব্যবস্থা করতে হবে।

খ) RI থেকে RO পদে যথাসময়ে প্রোমোশন দিতে হবে।

৯)	E-Bhuchitra থেকে উত্থিত যাবতীয় সমস্যার দ্রুত সমাধান করে জন পরিষেবামূলক কাজের অন্তরায় দূর করতে হবে। 'লিংক' ও 'Connectivity'র উন্নতিবিধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০)	অফিসে হামলা ও বিশৃঙ্খলা বন্ধ করার জন্য প্রশাসনকে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং হামলাকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১১)	ক) নিয়মিত ও সময়মতো বদলী আদেশ প্রকাশ করতে হবে। সমিতি প্রদত্ত সুপারিশ অনুযায়ী বর্তমান প্রশাসনিক বাস্তবতার সাথে সঙ্গতি রেখে বিভাগীয় আধিকারীকদের 'বদলীনীতি'তে প্রয়োজনীয় সংশোধন এনে প্রয়োজনীয় নির্দেশিকা প্রকাশ ও কার্যকর করতে হবে।

খ) Compassionate Ground-এ বদলীর বিষযটিকে সংবেদনশীলতার সঙ্গে দ্রুত বিবেচনা করতে হবে।

গ) পাঁচ বছর মেয়াদান্তে Other wing থেকে Intergrated Set up-এ ক্যাডারদের ফিরিয়ে আনতে হবে। অপরদিকে Other wing এ বরিষ্ঠতা ও Option অনুযায়ী Posting করতে হবে।

১২)	সকল WBSLRS, Gr-I দের সময়মতো Confirmation প্রদান করতে হবে।

১৩)	উর্ধ্বতন কর্তৃপক্ষের গাফিলতিতে ACR-এর অভাবে ক্যাডারদের বিভাগীয় স্তরে পদোন্নতি সহ অন্যান্য সুযোগ সুবিধা থেকে বঞ্চনাজনিত ক্ষয়ক্ষতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পূরণ করতে হবে।

১৪)	অবিলম্বে গ্রেডেশন তালিকা সংস্কার ও হালতক করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।

১৫)	শনিবার ও রবিবার সহ সমস্ত সরকারী ছুটির দিনে বিভাগীয় আধিকারিকদের দিয়ে কাজ করানো বন্ধ করতে হবে।

১৬)	WBCS (Exe.) পোস্টে প্রোমোশন প্রদানের ক্ষেত্রে অন্যতম ফীডার SRO-II দের 'Zone of Consideration'-এর পরিসর সম্প্রসারিত করতে হবে। কেবলমাত্র Willing SRO-II দের নিয়ে Eligibilty List তৈরি করতে হবে।

১৭) সকল BLLRO অফিসে গাড়ীর সংস্থান করতে হবে।

১৮) সময়মতো সকল Departmental Peoceedings এর নিস্পত্তি ঘটাতে হবে।

১৯) ক) সকল অফিসে মহিলাদের জন্য উপযুক্ত প্রসাধন কক্ষের সংস্থান করতে হবে।

খ) মহিলা আধিকারিকদের জন্য প্রকাশিত Child Care Leave -এর আদেশনামার ভিত্তিতে ছুটি দেওয়ার ক্ষেত্রে টালবাহানা বন্ধ করতে হবে।

২০) প্রশাসনের সর্বস্তরে দুর্নীতি, অপচয় বন্ধ করা ও রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২১) উচ্চতর প্রশাসনিক কর্তৃপক্ষের সঙ্গে সংগঠনের নিয়মিত মতবিনিময়ের পরিসর কোনমতেই সংকুচিত করা চলবে না।

তারিখ ঃ　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　সভাপতি

স্থান ঃ

প্রস্তাবের অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ইতিবাচক ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল ঃ-

১) মাননীয় প্রধান সচিব, ভূমি ও ভূমি সংস্কার বিভাগ ও ল্যান্ড রিফর্মস কমিশনার, পশ্চিমবঙ্গ সরকার।

২) মাননীয় স্বরাষ্ট্র সচিব, পশ্চিমবঙ্গ সরকার।

৩) মাননীয় ভূমি লেখ্য ও জরিপ অধিকর্তা এবং যুগ্ম ল্যান্ড রিফর্মস কমিশনার, পশ্চিমবঙ্গ সরকার।

৪) মাননীয় জেলা শাসক ও সমাহর্তা, ............................................................ জেলা।

৫) মাননীয় জেলা ভূমি ও ভূমিসংস্কার আধিকারিক ............................................ জেলা।